# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ই-মেইল dgmsme@krishibank.org.bd


মুজিব MUJIB শতবর্ষ 100

মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি/প্রকা-ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২০-২১/ ১৩৩৬(১২৫০) তারিখঃ ১৫/০২/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ- মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ সিএমএসএমই (CMSME) খাতের জন্য ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়নে উদ্যোক্তাবৃন্দের মাঝে সচেতনতা বৃদ্ধি এবং সিএমএসই ঋণ স্থিতির কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট এর ০১/০২/২০২১ তারিখের পত্র সূত্র নংঃ এসএমইএসপিডি/৭০১(৪৪)/কোভিড-১৯/২০২১-৪৬৬(৭) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। করোনা ভাইরাসের (COVID-19) প্রাদর্ভাবের ফলে সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি পুষিয়ে নেয়া, শ্রমিকদের কাজে বহাল রাখা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখা তথা অর্থনীতি পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই বিশেষ প্রনোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন অত্যন্ত জরুরী। উপরোক্ত পত্র মূলে প্রনোদনা প্যাকেজ সম্পর্কে বেশীরভাগ প্রান্তিক উদ্যোক্তা অবহিত না থাকায় স্ব স্ব লক্ষ্যমাত্রার পূর্ণাঙ্গ বাস্তবায়নে প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহনের অনুরোধ জানানো হয়েছে।

০৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নীট ঋণ ও অগ্রিম স্থিতির মধ্যে সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ প্রতিবছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ আগামী ২০২৪ সালের মধ্যে অন্যূন ২৫% এ উন্নীত করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখিত নির্দেশনা বাস্তবায়নের জন্য অত্র ব্যাংকে ব্যবসায়িক খাতের মধ্যে কৃষির পরই এসএমই খাতকে সর্বোচ্চ গুরুত্বপূর্ন খাত হিসাবে চিহ্নিত করে এ খাতে ঋণস্থিতি বৃদ্ধির লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। কার্যক্রম পরিচালনা এবং সময়ে সময়ে এসএমই ঋণ স্থিতির অগ্রগতি প্রতিবেদন মন্ত্রনালয় ও বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়। ৩১/১২/২০২০ তারিখ ভিত্তিক আপনাদের প্রেরিত সাপ্তাহিক ও CL প্রতিবেদন অনুযায়ী অত্র ব্যাংকের এসএমই ঋণস্থিতি নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রঃনঃ | বিভাগের নাম | ৩১/১২/২০২০ তারিখ ভিত্তিক এসএমই ঋণ স্থিতি | | | | | | তারতম্য (সাপ্তাহিক প্রতিবেদন অপেক্ষা শ্রেণীবিন্যাস প্রতিবেদনে কম দেখানো হয়েছে) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাপ্তাহিক প্রতিবেদন মোতাবেক | | | ঋণ শ্রেনীবিন্যাস প্রতিবেদন মোতাবেক | | | |
| | | প্রকল্প | চলতি মূলধন ঋণ | মোট | প্রকল্প | চলতি মূলধন ঋণ | মোট | |
| ০১. | ঢাকা | ৬.০৯ | ৬১২.৬৭ | ৬১৮.৭৬ | ১৪.০৭ | ৩২৪.১৩ | ৩৩৮.২০ | ২৮০.৫৬ |
| ০২. | ময়মনসিংহ | ৩.৭৮ | ২৬৬.৬৮ | ২৭০.৪৬ | ৪.০০ | ২০৩.৮৪ | ২০৭.৮৪ | ৬২.৬২ |
| ০৩. | চট্টগ্রাম | ২০.৪৭ | ২১৬.৯৮ | ২৩৭.৪৫ | ১৮.৯৩ | ১৮৪.৩৭ | ২০৩.৩০ | ৩৪.১৫ |
| ০৪. | খুলনা | ৪.২৪ | ২০৩.০৩ | ২০৭.২৭ | ৪.২৫ | ১৪৪.৬৪ | ১৪৮.৮৯ | ৫৮.৩৮ |
| ০৫. | বরিশাল | ১.৪৩ | ৭২.৬৮ | ৭৪.১১ | ১.৩১ | ৬৭.৯৮ | ৬৯.২৯ | ৪.৮২ |
| ০৬. | সিলেট | ৫.৫০ | ১৪৩.০৯ | ১৪৮.৫৯ | ৮.৯৩ | ১১৬.৬৫ | ১২৫.৫৮ | ২৩.০১ |
| ০৭. | কুমিল্লা | ৮.৪০ | ৩৩৪.৩৮ | ৩৪২.৭৮ | ১২.৬৭ | ২৩৫.৩৩ | ২৪৮.০০ | ৯৪.৭৮ |
| ০৮. | ফরিদপুর | ১১.৯০ | ১৮৪.১৬ | ১৯৬.০৬ | ৫.৪০ | ১৩১.৬৮ | ১৩৭.০৮ | ৫৮.৯৮ |
| ০৯. | কুষ্টিয়া | ৬.৮৯ | ২৩৫.৭৯ | ২৪২.৬৮ | ১.৭০ | ১৮৩.২৩ | ১৮৪.৯৩ | ৫৭.৭৫ |
| ১০. | এলপিও | ৩৩.৫৪ | ১৬.৩৯ | ৪৯.৯৩ | ২১.২৫ | ১৬.১৯ | ৩৭.৪৪ | ১২.৪৯ |
| | মোট | ১০২.২৪ | ২২৮৫.৮৫ | ২৩৮৮.০৯ | ৯২.৫১ | ১৬০৮.০৪ | ১৭০০.৫৫ | ৬৮৭.৫৪ |

০৪। উল্লেখিত সারণী পর্যালোচনায় দেখা যায়, সাপ্তাহিক প্রতিবেদন অপেক্ষা ঋণ শ্রেনীবিন্যাস প্রতিবেদনে ঋণ স্থিতির পরিমান ৬৮৭.৫৪ লক্ষ টাকা কম দেখানো হয়েছে। একই তারিখ ভিত্তিক ভিন্ন ভিন্ন প্রতিবেদনে এসএমই ঋণ স্থিতির তারতম্যের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের ব্যাখ্যা এবং ৩১/১২/২০২০ তারিখ ভিত্তিক প্রকৃত এসএমই ঋণ স্থিতি সংক্রান্ত তথ্যাদির সফটকপি ও হার্ডকপি ২৮/০২/২০২১ এর মধ্যে অত্র বিভাগে প্রেরণের অনুরোধ হলো।

০৫। অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-বিকেবি-প্রকা-ক্রেঃবিঃ(শাখা-৪-এসএমই)-৭(৮)/২০২০-২১/১৮২৩(১২৫০), তারিখঃ ২৮/০১/২০২১ মোতাবেক ২০২১ সালের জন্য সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির লক্ষ্যমাত্রা বন্টন করে দেয়া হয়েছে। সে মোতাবেক ২০২১ সালের মধ্যে সিএমএসএমই ঋণস্থিতি হতে হবে ব্যাংকের মোট ঋণ ও অগ্রিম স্থিতির ২২%। ৩১/১২/২০২০ তারিখভিত্তিক অত্র ব্যাংকের সিএমএসএমই ঋণস্থিতি (ঋণ শ্রেনীবিন্যাস প্রতিবেদন মোতাবেক) মোট ঋণ অগ্রিম স্থিতির (২৪২১৯.০০ কোটি টাকা) মাত্র ৭%। সিএমএসএমই ঋণ স্থিতি বৃদ্ধির লক্ষ্যে বেশী করে গুনগত মানসম্মত এসএমই ঋণ বিতরণ করতে হবে। ক্লাস্টার ভিত্তিক অর্থায়ন ও নারী উদ্যোক্তা খাতে অর্থায়নের বিষয়ে গুরুত্ব দিতে হবে।

০৬। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ১৩/০৪/২০২০ এর আওতায় স্ব স্ব লক্ষ্যমাত্রার পূর্ণাঙ্গ বাস্তবায়নে প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহনসহ সিএমএসএমই ঋণস্থিতি বৃদ্ধির বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। পাশপাশি তথ্যগত সামঞ্জস্যতা বজায় রেখে প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ এ বিষয়ে নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ০১(এক) মাত্র।

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ১৯৯৯(১২৫০) তারিখঃ ১৫/০২/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৫/02/2021
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ

<u>এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট</u>

সূত্র নংঃ এসএমইএসপিডি/৭০১(৪৪)/কোভিড-১৯/২০২১-৪৬৬ (৭) তারিখঃ ০১/০২/২০২১

৩৮২৪ 04.02.21 DMD

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**সিএমএসএমই (CMSME) খাতের জন্য ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজের**
**<u>পূর্ণাঙ্গ বাস্তবায়নে উদ্যোক্তাবৃন্দের মাঝে সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে।</u>**

করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবের ফলে সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতি পুষিয়ে নেয়া, শ্রমিকদের কাজে বহাল রাখা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখা তথা অর্থনীতি পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই বিশেষ প্রণোদনা প্যাকেজের পূর্ণাঙ্গ বাস্তবায়ন অত্যন্ত জরুরী। কিন্তু সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী পরিলক্ষিত হয়েছে যে, অদ্যাবধি লক্ষ্যমাত্রার মাত্র ৬৫% অর্জিত হয়েছে। এর প্রধান কারণ হিসেবে আলোচ্য প্রণোদনা প্যাকেজ সম্পর্কে বেশীরভাগ প্রান্তিক উদ্যোক্তারা অবহিত নয় মর্মে বিবেচিত হচ্ছে। বিভিন্ন ফোরামের আলোচনা এবং এতদ্‌সংক্রান্ত বিভিন্ন জরিপের পর্যবেক্ষণেও বিষয়টি প্রমাণিত হয়েছে বিধায় গ্রাহকদের প্রণোদনা প্যাকেজ বিষয়ে অবহিত করার জন্য প্রয়োজনীয় প্রচারনামূলক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের অভিভাবক হিসেবে বাংলাদেশ ব্যাংক ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রণোদনা প্যাকেজের বিষয়ে গ্রাহকদের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করেছে।

০২। বর্ণিতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত সিএমএসএমই বিশেষ প্রণোদনা প্যাকেজের আওতায় স্ব স্ব লক্ষ্যমাত্রার পূর্ণাঙ্গ বাস্তবায়নে প্রয়োজনীয় প্রচারনামূলক কার্যক্রম গ্রহণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং-৭৭৪ তারিখ ০৪/২/২১

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আরিফুজ্জামান)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫৪৯

মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দপ্তর
নং- ১৩১ তারিখ ০৪/০২/২১
উমব্য,এইচআরএমডি- /ক্রেডিট/বাণিজ্য/ প্রকিউরমেন্ট/বিনিবিভি/আলাদা
মহাব্যবস্থাপক

ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd